

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১২২

আগরতলা, ১৫ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

জিরানীয়ায় স্ট্রং রুম পরিদর্শনে সাধারণ পর্যবেক্ষক



১-ত্রিপুরা পশ্চিম লোকসভা সংসদীয় ক্ষেত্রের সাধারণ পর্যবেক্ষক বিবেক এল ভিমানওয়ার আজ জিরানীয়ার বীরেন্দ্রনগর হায়ার সেকেন্ডারি স্কুলে স্ট্রং রুম পরিদর্শন করেন। তাছাড়াও সাধারণ পর্যবেক্ষক আজ ১-সিমনা (এসটি), ২-মোহনপুর, ১০-মজলিশপুর, ১১-মান্দাই বাজার (এসটি) বিধানসভা কেন্দ্রের বিভিন্ন ভোটগ্রহণ কেন্দ্র পরিদর্শন করেন। ভোটগ্রহণ কেন্দ্র পরিদর্শনের সময় এআরও, সেক্টর অফিসার ও বিএলওদের সাথে মত বিনিময়ে সাধারণ পর্যবেক্ষক ভোটের দিন ভোটকেন্দ্রের ভিতরে ও বাইরে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখার উপর গুরুত্ব আরোপ করেন। তাছাড়াও বয়স্ক ভোটার, মহিলা ভোটার, বিশেষত গর্ভবতী মহিলা ও শিশুসহ মহিলাদের ভোট প্রদানে উপযুক্ত সুবিধা দেওয়ার উপর সাধারণ পর্যবেক্ষক গুরুত্ব আরোপ করেন ও যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।

\*\*\*\*\*